বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।
web: www.btrc.gov.bd

স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.১১.০০৩.১৯.১০৫৬ তারিখঃ ০৬/০৭/২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর নিম্নবর্ণিত শূণ্য পদে অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

ক্রঃ নংঃ	পদের নাম	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে
১.	সহকারী পরিচালক (কারিগরি)	গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০	০৬ (ছয়)	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে টেলিকমিউনিকেশন/ ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। (৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। (৪) বাংলা ও ইংরেজী ভাষায় শুদ্ধভাবে লিখনে ও কথনে পারদর্শীতা।	সকল জেলা
২.	সহকারী পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব)	গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০	০১ (এক)	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব-বিজ্ঞান বিষয়ে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। (২) পাবলিক পরীক্ষায় কমপক্ষে ০২(দুই)টি প্রথম শ্রেণী বা বিভাগ: তবে কোন তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। (৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। (৪) বাংলা ও ইংরেজী ভাষায় শুদ্ধভাবে লিখনে ও কথনে পারদর্শীতা।	সকল জেলা
৩.	সহকারী পরিচালক (আইন)	গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০	০২ (দুই)	১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর এলএলএম ডিগ্রী এবং আইন পেশার সনদধারী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। (৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। (৪) বাংলা ও ইংরেজী ভাষায় শুদ্ধভাবে লিখনে ও কথনে পারদর্শীতা।	সকল জেলা
৪.	উপ-সহকারী পরিচালক (কারিগরি)	গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০	২১ (একুশ)	(১) কোন স্বীকৃত কারিগরী বোর্ড হতে টেলিকমিউনিকেশন/ ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক/কম্পিউটার প্রযুক্তি বিষয়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণীর ডিপ্লোমা। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। (৩) কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।	সকল জেলা
৫.	ব্যক্তিগত কর্মকর্তা	গ্রেড-১১ ১২৫০০-৩২২৪০	০১ (এক)	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। (৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।	সকল জেলা
৬.	ফটোগ্রাফার	গ্রেড-১১ ১২৫০০-৩২২৪০	০১ (এক)	১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হইবে না। (৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান। **** ফটোগ্রাফিতে পারদর্শীতা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা**	সকল জেলা

ক্রঃ নংঃ	পদের নাম	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে
				হিসেবে বিবেচিত হবে।	
৭.	ব্যক্তিগত সহকারী	গ্রেড-১১ ১২৫০০-৩২২৪০	০৩ (তিন)	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। (৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।	সকল জেলা
৮.	হিসাব রক্ষক	গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০	০১ (এক)	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব-বিজ্ঞান বিষয়ে স্নাতক(সম্মান)/ বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। (৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।	সকল জেলা
৯.	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০	১০ (দশ)	(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। (২) পাবলিক পরীক্ষায় কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না। (৩) মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ৪০ শব্দ এবং কম্পিউটার চালনায় পর্যাপ্ত জ্ঞান।	ঢাকা, গাজীপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, সিরাজগঞ্জ, নাটোর, চাপাইনবাবগঞ্জ, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, ভোলা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ
১০.	গাড়িচালক	গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০	০১ (এক)	(১) ৮ম শ্রেণী পাশ (কমন ক্যাটাগরীর পদ)। (২) গাড়ী চালনার বৈধ লাইসেন্স (হালকা যান/ভারী যান) থাকিতে হইবে। (৩) হালকা গাড়ী/ভারী গাড়ী চালনায় কমপক্ষে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা।	

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

১। **১২ জুলাই, ২০২০** তারিখে ৪ ও ১০ নং ক্রমিকে উল্লিখিত পদের প্রার্থীদের বয়স ১৮ থেকে ৩০ বছর এবং অন্যসকল ক্রমিকে উল্লিখিত পদের প্রার্থীদের বয়স ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার (এসএসসি)/সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০(ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। উল্লেখ্য, গাড়ীচালক পদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র এবং ৮ম পাশ এর সার্টিফিকেট অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে;

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

৪। আবেদনকারীকে তাঁর শিক্ষাগত যোগ্যতা সংক্রান্ত তথ্য আবেদনে উল্লেখ করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার বাইরে অন্য ভুল তথ্য/মিথ্যা তথ্য দ্বারা অনলাইনে আবেদন করা হলে বা কোন তথ্য গোপন করলে আবেদন বাতিল করা হবে। একইসাথে আবেদনকারী কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৫। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবেনা;

৬। **মৌখিক পরীক্ষায় সময় নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে:**

(ক) মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(খ) মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত Application Form সহ ১ম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের এক সেট ফটোকপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে;

(গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

(ঘ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং ১ম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক জন্মনিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;